

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)  
৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫



স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩.৪৩৭

তারিখঃ ১২/১১/২০১৪

বিষয়ঃ Extra service charge আদায় এবং সফটওয়্যারে পোষ্টিং সংক্রান্ত।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচির ঋণ বিতরণ পরবর্তী ০১ বছর মেয়াদে ৮% হারে সেবামূল্যসহ বিতরণকৃত সমুদয় অর্থ আদায়যোগ্য এবং ০১ বছর অতিবাহিত হওয়ার পর অপরিশোধিত আসলের উপর মাসিক ভিত্তিতে সেবামূল্য আদায়যোগ্য হয়ে থাকে যা Extra service charge হিসেবে আদায় করতে হয়। উক্ত Extra service charge সফটওয়্যারে পোষ্টিং দেয়ার ক্ষেত্রে প্রথমে অতিরিক্ত সেবামূল্য এবং পরবর্তীতে আসল পোষ্টিং দিতে হয়। সম্প্রতি কর্মসূচি সদর দপ্তর হতে ঋণ কার্যক্রম তদারকি ও মাঠ পর্যায়ে পরিদর্শনে প্রতিয়মান হয় যে, বিতরণকৃত ঋণের মেয়াদ পূর্তিতে নানা অজুহাতে Extra service charge আদায় করা হচ্ছে না এবং কোন কোন ক্ষেত্রে আদায় করে কর্মসূচির তহবিলে জমা না দিয়ে আত্মসাত করছেন। এমতাবস্থায়, Extra service charge আদায় করে কর্মসূচির তহবিলে জমা নিশ্চিতকরণের স্বার্থে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো

- ক. বিতরণকৃত ঋণের মেয়াদ ০১ বছর অতিবাহিত হওয়ার পর অপরিশোধিত আসলের উপর মাসিক ভিত্তিতে Extra service charge আরোপ করে পাশবহিতে এন্ট্রি দিতে হবে এবং সে মোতাবেক আদায়পূর্বক কর্মসূচির ব্যাংক হিসাবে জমা দিয়ে হিসাবভুক্ত করতে হবে;
- খ. Extra service charge সফটওয়্যারে পোষ্টিং দেয়ার ক্ষেত্রে প্রথমে অতিরিক্ত সেবামূল্য এবং পরবর্তীতে আসল পোষ্টিং দিতে হবে;
- গ. সফটওয়্যারে তাৎক্ষণিক পোষ্টিং জনিত জটিলতার কারণে পোষ্টিং দেয়া সম্ভব না হলে আদায়কৃত Extra service charge কর্মসূচির ব্যাংক হিসাবে জমা দিয়ে হিসাবভুক্ত করতে হবে এবং পরবর্তীতে সফটওয়্যারে পোষ্টিং দেয়ার উদ্যোগ নিতে হবে ;
- গ. বর্ণিত নির্দেশনা অনুযায়ী বিতরণকৃত ঋণের মেয়াদ ০১ বছর অতিবাহিত হওয়ার পর অপরিশোধিত আসলের উপর মাসিক ভিত্তিতে Extra service charge আরোপ এবং আদায়পূর্বক কর্মসূচির ব্যাংক হিসাবে জমা করার বিষয়টি ইউআরডিও/এআরডিও (ইরেসপো) তদারকি করবেন। কর্মসূচির হিসাব সহকারি সফটওয়্যারে/কর্জক্ষতিয়ানে পোষ্টিং নিশ্চিত করবেন। যথাযথ হিসাবভুক্তকরণ এবং সফটওয়্যারে পোষ্টিংজনিত ব্যর্থতায় Extra service charge হিসাবভুক্ত না হলে তা আত্মসাত হিসেবে পরিগণিত হবে এবং তার জন্য সংশ্লিষ্ট হিসাব সহকারী ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন। তবে এ সংক্রান্ত তদরকীর গাফিলতির জন্য এআরডিও সমভাবে দায়ী হবেন;
- ঙ. ইতঃপূর্বের সকল অতিরিক্ত সেবামূল্য (Extra service charge) যথাযথভাবে আদায় হয়েছে কিনা তা নিশ্চিত করতে হবে;
- চ. Extra service charge আদায় না করে পুনরায় ঋণ বিতরণ করা হলে বিতরণকারী কর্মকর্তা দায়ী থাকবেন।

মোহাম্মদ মশেদুল আলম  
কর্মসূচি পরিচালক  
ফোন: ০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা


বিআরডিবি, উপজেলাঃ------(কর্মসূচিভুক্ত সকল উপজেলা)।

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩.৪৩৭

তারিখঃ ১২/১১/২০শ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ -----(কর্মসূচিভূক্ত সকল জেলা)।
২. উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৪. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ----- (কর্মসূচিভূক্ত সকল উপজেলা)।
৬. পরিচালক(প্রশাসন/সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৭. মাঠ সংগঠক/হিসাব সহকারী, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ----- (কর্মসূচিভূক্ত সকল উপজেলা)।
৮. অফিস নথি /গার্ড ফাইল।

  
১২. ১১. ২০  
আল-আমিন  
সহকারী পরিচালক